**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮৯/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ৬ নভেম্বর ২০১৭, ২২ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিচারকদের উদ্দেশে রাষ্ট্রপতি : ন্যায়বিচার নিশ্চিতে কাজ করুন

২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন
সিপিএ সম্মেলন উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। রোহিঙ্গা সংকট নিরসনে প্রস্তাব গ্রহণে সিপিএ সম্মেলনে দাবি উত্থাপন

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের আন্ডার সেক্রেটারির সাক্ষাৎ
রোহিঙ্গা ইস্যুতে সমর্থনের আশ্বাস

৫। রোহিঙ্গা সংকটের সুষ্ঠু সমাধান চায় ওয়াশিংটন : বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অংশীদারিত্ব সংলাপ

৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে অস্ট্রেলিয়ার সহযোগিতা চেয়েছেন বাণিজ্যমন্ত্রী

৭। বাংলাদেশে মোটরসাইকেল কারখানা স্থাপন শুরু করলো জাপানের হোন্ডা

৮। রেমিট্যান্স প্রেরকদের প্রয়োজনীয় সুবিধা দেবে সরকার : প্রবাসীকল্যাণমন্ত্রী

৯। দু'টি প্রকল্পে ৪৫ কোটি ৭০ লাখ মার্কিন ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক

১০। সারাদেশে হাইড্রোলিক হর্ন বন্ধের নির্দেশ হাইকোর্টের

১১। রংপুর সিটি নির্বাচন ২১ ডিসেম্বর

১২। রপ্তানিতে বাংলাদেশের খেলনা শিল্পের অপার সম্ভাবনা : ইউরোপের বাজারে ব্যাপক চাহিদা

চলমান পাতা-২

**১। বিচারকদের উদ্দেশে রাষ্ট্রপতি : ন্যায়বিচার নিশ্চিতে কাজ করুন**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বিচার বিভাগকে জনগণের বিচার পাওয়ার শেষ আশ্রয়স্থল উল্লেখ করে ন্যায়বিচার নিশ্চিত করতে সুপ্রিমকোর্টসহ সকলস্তরের বিচারকগণ ন্যায়নিষ্ঠভাবে কাজ করবেন বলে আশাপ্রকাশ করেছেন। বাংলাদেশের প্রধান বিচারপতির কার্যভার পালনরত বিচারপতি মো. আবদুল ওয়াহ্হাব মিঞার নেতৃত্বে সুপ্রিমকোর্টের আপিল বিভাগের বিচারপতিগণ গতকাল (৫ নভেম্বর রোববার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫),
**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **অবজারভার** ((পৃ.১,ক.৫)।

**২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন**
**সিপিএ সম্মেলন উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

রোহিঙ্গাদের ওপর নির্যাতন বন্ধ করে তাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগের জন্য কমনওয়েলথভুক্ত দেশগুলোর প্রতি অনুরোধ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৫ নভেম্বর রোববার) ঢাকায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সের (সিপিসি) উদ্বোধন ঘোষণা করে বিদেশি অতিথিদের প্রতি এ অনুরোধ করেন সিপিএ'র ভাইস প্যাট্রন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেন, মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর অমানবিক নির্যাতন এবং তাদের জোর করে বিতাড়িত করার ঘটনা কেবল এ অঞ্চলে নয়, এর বাইরেও অস্থিরতা তৈরি করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মানবিক দৃষ্টিকোণ থেকে সাময়িকভাবে আমরা এ বিপুলসংখ্যক রোহিঙ্গা নাগরিককে আশ্রয় দিয়েছি। আপনাদের অনুরোধ জানাব, রোহিঙ্গা ইস্যুটি বিশেষ গুরুত্বের সঙ্গে আলোচনা করুন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ, জনকণ্ঠ, প্রথম আলো, সমকাল, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ লিড নিউজ ছেপেছে।

**৩। রোহিঙ্গা সংকট নিরসনে প্রস্তাব গ্রহণে সিপিএ সম্মেলনে দাবি উত্থাপন**

ঢাকায় কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের ৬৩তম সম্মেলনের (সিপিসি) সাধারণ অধিবেশনে চলমান রোহিঙ্গা সংকট নিয়ে একটি প্রস্তাব গ্রহণের দাবি তুলেছেন কয়েকটি দেশের প্রতিনিধিরা। এছাড়া বাংলাদেশের পক্ষ থেকে সিপিএ সম্মেলনে অংশ নেওয়া দেশগুলোর সংসদে মিয়ানমারের এ বাস্তুচ্যুত নাগরিকদের নিয়ে আলোচনা এবং তাদের ফিরিয়ে নিতে দেশটির ওপর চাপপ্রয়োগে পদক্ষেপ নেওয়ারও আহ্বান জানানো হয়। গতকাল (৫ নভেম্বর রোববার) ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সিপিসিতে অংশ নেওয়া প্রতিনিধিদের কাছে রোহিঙ্গা সংকটের বিষয়টি তুলে ধরেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

**৪। প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের আন্ডার সেক্রেটারির সাক্ষাৎ**
**রোহিঙ্গা ইস্যুতে সমর্থনের আশ্বাস**

রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাষ্ট্র বাংলাদেশকে সমর্থন দিয়ে যাবে। জোরপূর্বক বিতাড়িত নাগরিকদের বাংলাদেশ থেকে ফেরত নিতে যুক্তরাষ্ট্র মিয়ানমারের ওপর চাপ ও আলোচনা অব্যাহত রাখবে। যুক্তরাষ্ট্রের সফররত রাজনীতিবিষয়ক আন্ডার সেক্রেটারি অব স্টেট থমাস শ্যানন গতকাল (৫ নভেম্বর রোববার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতকালে এ আশ্বাস দেন। প্রধানমন্ত্রী বলেন, রোহিঙ্গা ইস্যুর শান্তিপূর্ণ সমাধানে মিয়ানমারের প্রতি চাপ এবং আলোচনা অব্যাহত রাখতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের প্রশংসা করে থমাস শ্যানন বলেন, বাংলাদেশ এখন আত্মনির্ভরশীলতা এবং আত্মবিশ্বাসের একটি প্রশংসনীয় দৃষ্টান্ত ও মডেল। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **অবজারভার** ((পৃ.৩,ক.২)।

**৫।	রোহিঙ্গা সংকটের সুষ্ঠু সমাধান চায় ওয়াশিংটন : বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অংশীদারিত্ব সংলাপ**

মিয়ানমারের রোহিঙ্গা সংকটের সুষ্ঠু সমাধান চায় যুক্তরাষ্ট্র। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র ষষ্ঠ অংশীদারিত্ব সংলাপশেষে যৌথ সংবাদসম্মেলনে এ কথা বলেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনীতিবিষয়ক আন্ডার সেক্রেটারি থমাস শ্যানন। এ সময় তাঁর সঙ্গে ছিলেন পররাষ্ট্র সচিব শহীদুল হক। গতকাল (৫ নভেম্বর রোববার) সংবাদসম্মেলনটি অনুষ্ঠিত হয় রাষ্ট্রীয় অতিথিভবন পদ্মায়। থমাস শ্যানন আরও বলেন, বাংলাদেশে



পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে যুক্তরাষ্ট্র মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রেখেছে। রোহিঙ্গা সংকটের সমাধান এ মুহূর্তে যুক্তরাষ্ট্রের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ ইস্যু। সংলাপে জানানো হয়েছে, রোহিঙ্গা সংকট সমাধানে এ পর্যন্ত ৩১টি পদক্ষেপ নিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৬।	রোহিঙ্গা প্রত্যাবাসনে অস্ট্রেলিয়ার সহযোগিতা চেয়েছেন বাণিজ্যমন্ত্রী**

রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বাড়াতে অস্ট্রেলিয়ার সহযোগিতা প্রয়োজন বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানে যে ৫ দফা প্রস্তাব উপস্থাপন করেছেন তা যথাযথভাবে বাস্তবায়নে অস্ট্রেলিয়ার সহযোগিতা প্রয়োজন। গতকাল (৫ নভেম্বর রোববার) অস্ট্রেলিয়ার পার্থ শহরে ক্রাউন টুওয়ার্স হোটেলে অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী জুলি বিশোপের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা বলেন। এসময় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রীকে এ সংক্রান্ত একটি পত্র হস্তান্তর করেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬)।

**৭।	বাংলাদেশে মোটরসাইকেল কারখানা স্থাপন শুরু করলো জাপানের হোন্ডা**

জাপানের বিখ্যাত মোটরসাইকেল প্রস্তুতকারী প্রতিষ্ঠান হোন্ডা বাংলাদেশের মুন্সীগঞ্জ জেলার গজারিয়ায় তাদের কারখানা প্রতিষ্ঠা করতে যাচ্ছে। বাংলাদেশ ও জাপানের যৌথ উদ্যোগে গঠিত বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেড নামে এ কারখানা গজারিয়ার আবদুল মোনেম ইকোনমিক জোনে তাদের আনুষ্ঠানিক যাত্রা শুরু করেছে। আনুষ্ঠানিকভাবে গতকাল (৫ নভেম্বর রোববার) কারখানাভবন নির্মাণকাজের উদ্বোধন করেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, সরকার ইতোমধ্যে এ শিল্পকে অগ্রাধিকার শিল্পে অন্তর্ভুক্ত করেছে এবং এ শিল্পের নীতিমালা তৈরি করছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৮।	রেমিট্যান্স প্রেরকদের প্রয়োজনীয় সুবিধা দেবে সরকার : প্রবাসীকল্যাণমন্ত্রী**

সরকার রেমিট্যান্স প্রেরকদের প্রয়োজনীয় সব ধরনের সুবিধা দেবে বলে জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে প্রবাসী বাংলাদেশি ও কর্মীদের প্রেরিত রেমিট্যান্স এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গতকাল (৫ নভেম্বর রোববার) প্রবাসীকল্যাণ ভবনে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ সাপোর্ট গ্রুপ কর্তৃক আয়োজিত ডায়াসপোরা, অভিবাসন ও উন্নয়ন : সমসাময়িক গুরুত্বপূর্ণ বিষয়াদি নিয়ে সংলাপে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৯।	দু'টি প্রকল্পে ৪৫ কোটি ৭০ লাখ মার্কিন ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক**

বাংলাদেশে অধিক কর্মসংস্থান সৃষ্টি, রপ্তানি বহুমুখীকরণ ও সরকারি-বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি) অবকাঠামো উন্নয়নের দু'টি প্রকল্পে বিশ্বব্যাংক অর্থায়ন করছে। দু'টি প্রকল্পে সংস্থাটি দুই ধরনের সুদে ৪৫ কোটি ৭০ লাখ মার্কিন ডলার ঋণ দেবে। গতকাল (৫ নভেম্বর রোববার) সকালে শেরেবাংলা নগরস্থ ইআরডি সম্মেলনকক্ষে ইআরডি ও বিশ্বব্যাংকের মধ্যে দু'টি ঋণচুক্তি স্বাক্ষর হয়। ইআরডি সচিব কাজী শফিকুল আযম ও

বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর কিমিয়াও ফান চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **অবজারভার** ( পৃ.১,ক.৪)।

**১০। সারাদেশে হাইড্রোলিক হর্ন বন্ধের নির্দেশ হাইকোর্টের**

রাজধানী ঢাকার পাশাপাশি এবার সারাদেশে যানবাহনে ব্যবহৃত হাইড্রোলিক হর্ন বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। একইসঙ্গে বিষয়টি পর্যালোচনা করে পরিবেশ আইন অনুযায়ী শব্দদূষণ নিয়ন্ত্রণ করতে বলা হয়েছে। পুলিশের আইজি, ট্রাফিক পুলিশ কমিশনারসহ চারজনকে এ আদেশ বাস্তবায়ন করতে হবে। বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (৫ নভেম্বর রোববার) এ আদেশ দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।



**১১। রংপুর সিটি নির্বাচন ২১ ডিসেম্বর**

রংপুর সিটি করপোরেশন নির্বাচন আগামী ২১ ডিসেম্বর। গতকাল (৫ নভেম্বর রোববার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে এ তফসিল ঘোষণা করা হয়। তফসিল ঘোষণাশেষে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা রংপুরে অবাধ, নিরপেক্ষ ভোট অনুষ্ঠানের আশ্বাস দিয়েছেন। তিনি বলেছেন, নির্বাচনে সীমিত আকারে নতুন ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১২। রপ্তানিতে বাংলাদেশের খেলনা শিল্পের অপার সম্ভাবনা : ইউরোপের বাজারে ব্যাপক চাহিদা**

গত পাঁচ বছরে বাংলাদেশি খেলনা রপ্তানি বেড়েছে ২ হাজার গুণের বেশি। ছয় বছর আগে যেখানে বছরে মাত্র সাত হাজার মার্কিন ডলারের মতো খেলনা রপ্তানি হতো, এখন তা বেড়ে দেড় কোটি মার্কিন ডলারে পৌঁছেছে। টাকার অঙ্কে এর পরিমাণ প্রায় ১২৬ কোটি টাকা। ফ্রান্স, স্পেন, জাপানের পাশাপাশি উন্নত দেশগুলোতে বাংলাদেশি খেলনার ব্যাপক চাহিদা রয়েছে। বিশ্ববাজারে বাংলাদেশি খেলনার চাহিদা সামনে রেখে অবশ্য খেলনা কারখানা নির্মাণে বিনিয়োগেও আগ্রহী হয়ে উঠেছেন উদ্যোক্তারা। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** পাহাড় কাটা, বালু উত্তোলন ও বসতি স্থাপনের মধ্য দিয়ে কক্সবাজার ও পাবর্ত্য চট্টগ্রামের অনেক পাহাড়ই অত্যন্ত নাজুক হয়ে পড়েছে উল্লেখ করে পাহাড় ধসের মতো দুর্ঘটনা ঠেকাতে এব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **জনকণ্ঠ :** ঢাকা ও নারায়ণগঞ্জে যক্ষ্মা রোগীর সংখ্যা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে দেশব্যাপী ছড়িয়ে থাকা কমিউনিটি ক্লিনিকগুলোকে যক্ষ্মা রোগীদের চিকিৎসায় কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ** : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বেশ কিছু বিভাগ সাম্প্রদায়িক ও ধর্মীয় কট্টরপন্থি মনোভাবাপন্ন শিক্ষকদের নিয়ন্ত্রণভুক্ত হওয়ার অভিযোগ আমলে নিয়ে এব্যাপারে যথাযথ পদক্ষেপ কামনা।

**ঘ.** **সমকাল :** দেশের ছয়টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে নিয়োগ নিয়ে বেপরোয়া বাণিজ্য করার অভিযোগ ওঠায় ক্ষুদ্ধ প্রতিক্রিয়া জানিয়ে এব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ.** **যায়যায়দিন, ইনকিলাব, নিউ এজ :** ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরি এক বছর ধরে ঢাকা শহরের বিভিন্ন এলাকায় ৪৬টি স্কুলের সামনে পাওয়া যায় এমন খোলা খাবারের নমুনা পরীক্ষা করে শরীরের জন্য মারাত্মক ক্ষতিকর উপাদান পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **এশিয়ান এজ :** পেঁয়াজের মূল্যবৃদ্ধি হ্রাসে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **নিউ এজ :** দেশে বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট, ব্রিজ, ফেরিঘাট, কালভার্ট মেরামতের উদ্যোগ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য দেশে অধিকতর মাত্রায় খাদ্যশস্য উৎপাদন জরুরি।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০